যুগান্তর

তারিখ .. 10 FEB 2008
পৃষ্ঠা ১৫ কলাম ৭

# এসএসসি '১০ সালের পরীক্ষার নতুন কাঠামো বাতিলের দাবি

যুগান্তর রিপোর্ট

২০১০ সালে নতুন চালু করতে যাওয়া কাঠামোবদ্ধ প্রশ্নপত্রে এসএসসি পরীক্ষার সিদ্ধান্ত বাতিলের জন্য সরকারকে তিনদিনের আলটিমেটাম দিয়েছেন অভিভাবকরা। শনিবার মতিঝিল মডেল স্কুল প্রাঙ্গণে এক সমাবেশ থেকে অভিভাবক ফোরাম এ আলটিমেটাম দেয়। সমাবেশের আগে তারা মানববন্ধনও করেন। একই দাবিতে আজ বিকালে বিভিন্ন স্কুলের অভিভাবকদের প্রতিনিধি সভা ডাকা হয়েছে ঢাকার ৮৮১, শহীদবাগে। এতে আন্দোলনের কৌশল নির্ধারণ করা হবে বলে জানা গেছে।

শনিবার মানববন্ধন-পরবর্তী সভায় বক্তৃতা করেন ফোরামের আহ্বায়ক অ্যাডভোকেট আবেদ রাজা, অ্যাডভোকেট সিরাজউল্লাহ, হাবিবুর রহমান, মাহবুব হোসাইন, রায়হান রহমান, শামিমা সিদ্দিকা প্রমুখ। এর আগে ২৯ জানুয়ারি অভিভাবকরা একই দাবিতে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলন করেন।

অভিভাবকদের দাবি, এসএসসিতে প্রবর্তিতব্য এ পদ্ধতিতে শিক্ষকদের প্রাইভেট ব্যবসা আরও জমজমাট হবে। জিম্মি হবেন ছাত্র-অভিভাবকরা। যেখানে এ পদ্ধতির আলোকে সরকারের প্রস্তুতিই শেষ হয়নি এবং সনাতনী পদ্ধতিতে বই ছাপা হয়েছে, সেখানে এর বাস্তবায়ন হাস্যকর ও অনাকাঙ্ক্ষিত। যেখানে সিলেবাস শেষ করতে হিমশিম খেতে হয় এবং বইয়ে উল্লিখিত প্রশ্নের উত্তর শিখতেই দিতে হয় সময়, সেখানে কাঠামোবদ্ধ প্রশ্নের বেড়াজালে পড়লে শিক্ষার্থীরা ভালোর পরিবর্তে খারাপ করবে বলে অভিভাবকরা মনে করেন।